**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে ১০ হাজারেরও বেশি এই এইডস আক্রান্ত রোগী রয়েছে |**

**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডী নাল্লু বলেছেন, শিক্ষা কেবল জ্ঞান অর্জনের বিষয় নয়, আত্মবিশ্বাস, আত্মনির্ভরশীলতা এবং স্বপ্ন দেখার সাহস জাগিয়ে তোলার বিষয়।**

**(৩) দেশের অন্যান্য অংশের সঙ্গে রাজ্যেও আজ থেকে ইসলাম ধর্মাবলম্বীদের পবিত্র রমজান মাস শুরু হয়েছে। রমজান মাস উপলক্ষে মুসলিম ধর্মাবলম্বীদের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুভেচ্ছা জানিয়েছেন l**

(৪) **অর্থমন্ত্রী** প্রণজিৎ **সিংহ রায় আজ উদয়পুরে মাতা ত্রিপুরা সুন্দরী মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভূমি পূজন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন l**

*******************************************************

## CM:

নেশা আসক্তির কারণেই রাজ্যে এইডস আক্রান্তের সংখ্যা বাড়ছে। তার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করার জন্য প্রবীণ চিকিৎসকদের ভূমিকা নিতে হবে। আজ আগরতলার যক্ষা নিবারনী হলে ত্রিপুরা রিটায়ার্ড ডক্টরস অ্যাসোসিয়েশনের কুড়িতম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তিনি বলেন, রাজ্যে ১০ হাজারেরও বেশি এইডস আক্রান্ত রোগী রয়েছে| উত্তর পূর্বাঞ্চলের আটটি রাজ্যের মধ্যে চতুর্থ স্থানে ত্রিপুরা। এই

মারণব্যাধি সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য জনপ্রতিনিধি সহ চিকিৎসকদের কাছে আহ্বান রাখেন তিনি। অনুষ্ঠানে বক্তব্য রাখেন পদ্মশ্রী অধ্যাপক অরুণোদয় সাহা, সংগঠনের চিফ পেট্রন ডক্টর বিকাশ রায় প্রমুখ| আজকের এই সম্মেলনে একটি স্মরণিকা ও প্রকাশিত হয়।

************************

**Amit Saha:**

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নেশামুক্ত ভারত গড়তে মাদক পাচারকারীদের বিরুদ্ধে কঠোর অভিযান চালানোর অঙ্গীকার করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ বলেন, সারা দেশের ২৯ জন মাদক পাচারকারীকে বারোটি পৃথক মামলায় সর্বস্তরে নির্ভুল তদন্তের ফলে আদালত দোষী সাব্যস্ত করেছে। তিনি নেশামুক্ত ভারত গড়তে যথাযথ তদন্তের মাধ্যমে মাদকের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাওয়ার অঙ্গীকার করেছেন।

************************

**Governor-Kanchanpur:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডী নাল্লু বলেছেন, শিক্ষা কেবল জ্ঞান অর্জনের বিষয় নয়| আত্মবিশ্বাস, আত্মনির্ভরশীলতা এবং বড় স্বপ্ন দেখার সাহস জাগিয়ে তোলার বিষয়। আজ কাঞ্চনপুর মহকুমার অন্তর্গত আনন্দবাজারে বিশ্ব হিন্দু পরিষদের আহ্বানে সাধক রতনমনি সেবা সদনের "শিশু সংগম" অনুষ্ঠানে তিনি একথা বলেন ।তিনি বলেন, বর্তমান বহুমুখী শিক্ষা ব্যবস্থায় সমাজকে শিক্ষার আলোয় আলোকিত করার কাজে নিঃস্বার্থভাবে পথ দেখাচ্ছে সাধক রতনমনি সেবা সদনের মত শিক্ষা প্রতিষ্ঠানগুলি। রাজ্যপাল অনুষ্ঠানে শিশুদের তৈরি হস্তশিল্প প্রদর্শনী স্টল পরিদর্শন করেন ।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া, সাধক রতনমনি সেবা সদনের শিক্ষক শিক্ষিকা সহ ছাত্রছাত্রীরা।

*************************

**International womens day:**

আন্তর্জাতিক নারী দিবসকে সামনে রেখে আজ আগরতলায় প্যারাডাইস চৌমুহনীতে  সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে ত্রিপুরা কর্মচারী সমন্বয় কমিটি (এইচ বি রোড)-এর মহিলা সাব কমিটি। সভায় সংগঠনের সাধারন সম্পাদিকা মহুয়া রায় পুরুষ ও মহিলাদের মিলিতভাবে নারীদের অধিকার রক্ষা করার লড়াইয়ে এগিয়ে আসার আহ্বান জানান|

*************************

**Ramzan Roza:**

দেশের অন্যান্য অংশের সঙ্গে রাজ্যেও আজ থেকে  ইসলাম ধর্মাবলম্বীদের পবিত্র রমজান মাস  শুরু হয়েছে।  আগরতলার টাউন জামে মসজিদের ইমাম মৌলানা আবদুর রহমান  জানিয়েছেন আজ থেকে রোজা রাখা হচ্ছে।  সন্ধ্যায় ইফতারেরও আয়োজন  করা হয়েছে।  ইদ উল ফিতরের মধ্যে দিয়ে শেষ হবে মাহে রমজান।

*************************

**Prime Minister Greetings:**

রমজান মাসের শুরুতে মুসলিম ধর্মাবলম্বীদের শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।  আজ সকালে নিজের সামাজিক মাধ্যমে রমজান মাসের শুভেচ্ছা-বার্তায় প্রধানমন্ত্রী লিখেছেন, “রমজান মাস, এই পবিত্র মাস সমাজে শান্তি ও সম্প্রীতি নিয়ে আসুক।

*************************

**Ramzan, Sonamura:**

সোনামুড়া মহকুমায়ও আজ ভোর থেকে শুরু হয়েছে ইসলাম ধর্মাবলম্বীদের ত্যাগ, তিতিক্ষা ও গভীর সংযমের পবিত্র রমজান মাস ।সারাদিন নির্জলা উপবাসের পর সিপাহীজলা জেলার মিশ্র বসতির বিভিন্ন মসজিদে তাদের ইফতার করতে দেখা গেছে| আগামী ১ মাসব্যাপী এই ধারা অব্যাহত থাকবে বলে আমাদের সিপাহীজলার প্রতিনিধি অভিজিৎ বর্ধন জানিয়েছেন|

*************************

**Congress Meeting:**

আগামী ১১ই মার্চ ‘জয় বাপু, জয় ভীম, জয় সংবিধান এই স্লোগানকে সামনে রেখে প্রদেশ কংগ্রেসের কেন্দ্রীয় জমায়েত অনুষ্ঠিত হবে আগরতলার ওরিয়েন্ট চৌমুহনী এলাকায়। আজ আগরতলায় কংগ্রেস ভবনে আয়োজিত অসংগঠিত শ্রমিক কংগ্রেসের রাজ্যভিত্তিক সভায় এই কর্মসূচীর কথা জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা।

*************************

**Self-defense:**

কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে আজ "লিও ক্লাব অব কৈলাশহর" এর উদ্দোগে মেয়েদের আত্মরক্ষার কলাকৌশল বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম হয়। আসন্ন আন্তর্জাতিক নারী দিবস'কে সামনে রেখে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এখানে অনুষ্ঠিত হয় যোগা প্রদর্শনও। উপস্থিত ছিলেন, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার, কৈলাশহর লায়ন্স ক্লাবের সভাপতি সুপ্রিয় দেবরায় প্রমুখ।

*************************

**Blood Donation Camp:**

দক্ষিণ ত্রিপুরা বাস জীপ চালক সংঘের বিলোনিয়া স্ট্যান্ড কমিটির উদ্যোগে আজ বিলোনিয়ার কালীনগরের পিতাশ কালিবাড়িতে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২০ জন স্বেচ্ছায় রক্তদান করেন। শিবিরে উপস্থিত থেকে রক্তদাতাদের উৎসাহিত করেন বিজেপি' র দক্ষিণ জেলা সভাপতি দীপায়ন চৌধুরী, বিএমএস' র দক্ষিণ জেলা সভাপতি মানিক পাল প্রমুখ।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

************************

**Open university at Udaipur:**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরে মাতা ত্রিপুরা সুন্দরী মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভূমি পূজন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, ৫০ কোটি টাকা ব্যয়ে গড়ে উঠবে এই বিশ্ব বিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয়ে স্কিল এডুকেশন বিশেষ করে শিশু ও ছেলেমেয়েরা দক্ষ হয়ে উঠবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজাতি ও সংখ্যালঘু কল্যাণ দপ্তরের মন্ত্রী

শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক অভিষেক দেবরায় ও জিতেন্দ্র মজুমদার, গোমাতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় সহ অন্যান্যরা।

*************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ গুজরাটের জুনাগড় জেলার গির জাতীয় উদ্যানের সদর দপ্তর সাসানে পৌঁছেছেন| এখানে সোমনাথ মন্দির পরিচালক শ্রীসোমনাথ ট্রাস্টের এক সভায় প্রধানমন্ত্রী সভাপতিত্ব করবেন। এর আগে প্রধানমন্ত্রী সোমনাথ মন্দিরে পুজো ও প্রার্থনা করেন এবং  জামনগর জেলার পশু উদ্ধার, সংরক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র ভান্তরা পরিদর্শন করেন। প্রায় তিন হাজার একর জমিতে এটি গড়ে উঠেছে। তিন দিনের সফরে গতকাল সন্ধ্যায় শ্রী মোদী জামনগর পৌঁছুন। আগামীকাল প্রধানমন্ত্রী গির জাতীয় উদ্যানে জঙ্গল সাফারি যাত্রা করবেন। শ্রী মোদী বন্যপ্রাণী সম্পর্কিত জাতীয় পর্যায়ের সমস্যা নিয়ে আলোচনার জন্য সাসানে জাতীয় বন্যপ্রাণী বোর্ডের সপ্তম সভায় সভাপতিত্ব করবেন। এই বোর্ড প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বন্যপ্রাণী ও বনের সংরক্ষণ এবং উন্নয়নের জন্য কাজ করে।

*************************

**Election commission:**

জাতীয় নির্বাচন কমিশনের পক্ষ থেকে আজ এক বিজ্ঞতিতে জানানো হয়েছে, দু'টি ভিন্ন রাজ্যের ভোটারদের এপিক নম্বর একই হতে পারে। একই এপিক নম্বর মানেই ভুয়ো ভোটার নয়। তবে একই এপিক নম্বরযুক্ত ভোটারদের ক্ষেত্রে বিধানসভা নির্বাচনী এলাকা এবং ভোটকেন্দ্র-সহ অন্যান্য বিবরণ ভিন্ন ভিন্ন থাকে। এপিক নম্বর একই হলেও সংশ্লিষ্ট ভোটাররা  কেবল তাদের রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের যেখানে তারা নথিভুক্ত রয়েছেন সেই নির্বাচনী কেন্দ্রের নির্ধারিত ভোটকেন্দ্রেই ভোট দিতে পারবেন। অন্য কোথাও নয়। এপিক নম্বর

নিয়ে বিতর্ক মেটাতে সমস্ত ভোটারকে  ইউনিক এপিক নম্বর দেবার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন।

*************************

**Trenning program:**

সামাজিক ও শারীরিক ব্যধি নেশামুক্ত ত্রিপুরা গড়তে হেপাটাইটিস ফাউণ্ডেশন অফ ত্রিপুরা ও রাজ্য সরকারের উদ্যোগে বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হচ্ছে| আজ সংস্থার অফিসে প্রশিক্ষকদের নিয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয় বলে জানিয়েছেন ডা: প্রদীপ ভৌমিক| তিনি বলেন, এই সমস্ত প্রশিক্ষকরা সারা রাজ্যে নেশা আসক্তদের নেশামুক্ত করতে কাজ করবেন|

*************************

**Uttarakhand:**

উত্তরাখণ্ডের বদ্রীনাথের অদূরে মানা গ্রামে রাজ্য এবং জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী,  ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ  তুষারধসের নীচে আটকে থাকা শ্রমিকদের খোঁজ চালাচ্ছে। ৫৪ জন শ্রমিকের মধ্যে ইতিমধ্যেই ৫০ জনকে উদ্ধার করা হয়েছে, তাদের মধ্যে ৪ জনের মৃত্যু হয়েছে।  এখনো আরও ৫ জন শ্রমিকের  খোঁজ পাওয়া যায়নি।  তুষারধসের ঘটনায় আহত বিআরও কর্মীদের আরও ভালো চিকিৎসার জন্য আজ সকালেই যোশীমঠ সেনা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

*************************

**Hathkargha Mela:**

ভারত সরকারের বস্ত্র মন্ত্রণালয়ের পৃষ্টপোষকতায় কৈলাশহরের আই,টি,আই প্রাঙ্গণে আগামী নয়-ই মার্চ থেকে শুরু হচ্ছে "হাত-কার্গো মেলা"। হস্ততাঁতের এই মেলা'কে সামনে রেখে প্রস্তুতি চলছে।

ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা জানান, মোট চৌদ্দ দিনব্যাপী মেলা চলবে আগামী বাইশে মার্চ পর্যন্ত। ইতিমধ্যেই প্রস্তুতি কমিটি সহ বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়েছে। মেলায় থাকবে ৬২ টি স্টল।

*************************

**UNAKOTI PARK:**

কৈলাশহরে অবস্থিত বন বিভাগের "ঊনকোটি পার্ক"কে আরো উন্নততর করতে কাজ চলছে। জেলা বন আধিকারিক কৃষ্ণগোপাল রায় আজ জানান, নাগরিক সুবিধা সম্প্রসারণে বর্তমানে বিবিধ নির্মাণকাজ চলছে। এরমধ্যে রয়েছে, ক্যাফেটেরিয়া, ডাইনিং ও পার্কিং এর সুবিধা এবং প্রকৃতি সম্পর্কে জ্ঞান আহরণ কেন্দ্র ইত্যাদি। সবমিলিয়ে ৬২ লক্ষ টাকা জাইকা প্রকল্প থেকে প্রাথমিকভাবে মঞ্জুরী পাওয়া গেছে বলে তিনি জানান।

*************************

**GSI 175th celebration:**

জিওলোজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার ১৭৫ তম বর্ষ উদযাপন উপলক্ষে আজ আগরতলায় ৭৯ টিলা থেকে রাধানগরে গেইল অফিস পর্যন্ত পদযাত্রার আয়োজন করা হয়। ওএনজিসি এবং গেইলের উদ্যোগে আয়োজিত এই পদযাত্রায় অংশ নেন পদ্মশ্রী দীপা কর্মকার, ওএনজিসির অ্যাসেট ম্যানেজার কৃষ্ণ কুমার সহ অন্যান্যরা।পদযাত্রায় শ্রীমতি কর্মকার বলেন, দেশকে এগিয়ে নিয়ে যেতে আমাদের সবাইকে সুস্থ থাকতে হবে।

*************************

**Condolence:**

অল ত্রিপুরা উইভাস এন্ড আর্টিজেন এসোসিয়েশনের উদ্যোগে আজ জ্যাকসন গেইট সংলগ্ন টি জি ইএফ কনফারেন্স হলে পশ্চিম ত্রিপুরা জেলার জিলা

সভাধিপতি প্রয়াত বলাই গোস্বামীর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে স্মরণ সভার আয়োজন করা হয়। এই স্মরণ সভায় উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্যী, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার  টিআরটিসির ভাইস চেয়ারম্যান সমর রায় সহ  অন্যান্যরা।

*************************

**Weather:**

আগামীকাল আকাশ অংশত মেঘাচ্ছন্ন থাকবে| তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে| আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রী সেলসিয়াস|

*************************

*************************